

কালের কন্ঠ ১০.০১.১৭

‘জিয়ানগর’ নাম বদলে ‘ইন্দুরকানি’

নিজস্ব প্রতিবেদক >

পিরোজপুরের জিয়ানগর উপজেলার নাম বদল করে ইন্দুরকানি করার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)। গতকাল সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে নিকারের বৈঠকে এ সিদ্ধান্ত হয়। একই বৈঠকে কুমিল্লায় লালমাই নামে নতুন একটি উপজেলা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বৈঠক শেষে মন্ত্রিপরিষদসচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকদের বলেন, ‘ওই এলাকার মানুষের দাবির পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উপজেলাটির নাম জিয়ানগর করার পর থানার নাম ইন্দুরকানি রয়ে যায়। এ কারণে সমস্যা হচ্ছিল।’ বিগত বিএনপি-জামায়াত জোট সরকারের সময়ে ২০০২

**নতুন উপজেলা
লালমাই**

সালের ২১ এপ্রিল জিয়াউর রহমানের নাম অনুসারে পিরোজপুরে জিয়ানগর নামে ওই উপজেলা করা হয়। কিন্তু থানার নাম ছিল ইন্দুরকানি। এখন জিয়ানগর উপজেলা নাম বদলে ইন্দুরকানি হবে।

একই বৈঠকে কুমিল্লা জেলার ৯টি ইউনিয়ন নিয়ে লালমাই নামের একটি উপজেলা এবং চট্টগ্রামের চন্দনাইশের দোহাজারীকে পৌরসভা করার প্রস্তাবেও অনুমোদন দিয়েছে সরকার।

মন্ত্রিপরিষদসচিব জানান, কুমিল্লা সদরের আটটি এবং লাকসামের একটি ইউনিয়ন নিয়ে লালমাই উপজেলা হবে। দেশের ৪৯১তম এই উপজেলার জনসংখ্যা দুই লাখ ২০ হাজার ৩২ জন। এর আয়তন ১৪৭.০৩ বর্গকিলোমিটার। এ উপজেলার সদর দপ্তর হবে জয়নগরে। আর চন্দনাইশের দোহাজারীকে পৌরসভার সিদ্ধান্ত হয়েছে। এর জনসংখ্যা ৫৬ হাজার ৬৩৩ জন।